

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, কুমিল্লা।  
(প্রশাসনিক শাখা)  
www.cumilla.judiciary.org.bd

আদেশ নং- ১২১/২০২৫

তারিখঃ ২০ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ  
০৪/০৮/২০২৫খ্রিঃ।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ বিচার শাখার ২৯ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের বিজ্ঞপ্তি নং- ১৮/২০২৫ জে, মূলে “আগামী ০৫ আগস্ট ২০২৫ তারিখ মঙ্গলবার” “জুলাই গণঅভ্যুত্থান দিবস” উপলক্ষ্যে দেশের সকল অধস্তন আদালত/ট্রাইব্যুনালে সাধারণ ছুটি ঘোষণা করায় The Code of Criminal Procedure, ১৮৯৮ এর ১৭(২) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে উক্ত তারিখে বিভিন্ন মামলায় ধৃত আসামির জামিনের দরখাস্ত শুনানি, রিমান্ড শুনানি, স্বীকারোক্তিমূলক জবানবন্দী, সাক্ষীর/ভিকটিমের জবানবন্দী লিপিবদ্ধ করাসহ জরুরি দরখাস্ত নিষ্পত্তির জন্য কুমিল্লা জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসির সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব মুমিনুল হককে দায়িত্ব প্রদান করা হলো।

তিনি যথাসময়ে আদালতে উপস্থিত হয়ে অতীব জরুরি বিষয় হিসেবে সমগ্র কুমিল্লা জেলার আমলী (জি.আর/সি.আর) ও বিচার আদালতের মামলা সমূহের ধৃত আসামীর জামিন শুনানী, রিমান্ড শুনানী, আসামীর দোষ স্বীকারোক্তিমূলক জবানবন্দী রেকর্ড, সাক্ষীর/ভিকটিমের জবানবন্দী রেকর্ড এবং ভিকটিমের জিম্মা শুনানীসহ যাবতীয় বিষয়াদি নিষ্পত্তি করবেন।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।

স্বাঃ/-  
(মোঃ ইয়াছির আরাফাত)  
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,  
কুমিল্লা।

স্মারক নং- সিজিএম/কুম- ১৭৭(৬)/২০২৫/প্র:শা:

তারিখঃ ০৪/০৮/২০২৫খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ :

১। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, কুমিল্লা।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইল :

২। জনাব মুমিনুল হক, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-২, কুমিল্লা।

৩। ভারপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট, নেজারত শাখা, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, কুমিল্লা।

৪। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, কুমিল্লা।

৫। কোর্ট ইন্সপেক্টর, কুমিল্লা। (সংশ্লিষ্ট জি.আর.ও. কে অবহিত করণের জন্য)

৬। অফিস কপি।

(মোঃ ইয়াছির আরাফাত)  
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,  
কুমিল্লা।